

কলাস্নাতক অন্ত্য সিমেন্টার পরীক্ষা ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

এবিলাটি এনহাসমেন্ট কমপালসারি কোর্স

সময় ২ ঘন্টা

পূর্ণমান ৫০

১. নীচের রচনাংশটি পড়ে নিজের ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও ১০
- শ্রীযুক্ত নবগোপাল মিত্র সবেমাত্র আমাদের বাড়িতে পদার্পণ করিয়াছেন। তৎক্ষণাৎ দাদা তাঁহাকে গ্রেফতার করিয়া কহিলেন, “নবগোপালবাবু, রবি একটা কবিতা লিখিয়াছে, শুনুন-না।” শুনাইতে বিলম্ব হইল না। কাব্য-গ্রন্থাবলীর বোঝা তখন ভারি হয় নাই। কবিকীর্তি কবির জামার পকেটে-পকেটেই তখন অনায়াসে ফেরে। নিজেই তখন লেখক, মুদ্রাকর, প্রকাশক, এই তিনে-এক একে-তিন হইয়া ছিলাম। কেবল বিজ্ঞাপন দিবার কাজে আমার দাদা আমার সহযোগী ছিলেন। পদ্মের উপরে একটা কবিতা লিখিয়াছিলাম, সেটা দেউড়ির সামনে দাঁড়াইয়াই উৎসাহিত উচ্চকণ্ঠে নবগোপালবাবুকে শুনাইয়া দিলাম। তিনি একটু হাসিয়া বলিলেন, “বেশ হইয়াছে, কিন্তু ওই ‘দ্বিরেফ’ শব্দটার মানে কী।”
- ‘দ্বিরেফ’ এবং ‘ভ্রমর’ দুটোই তিন অক্ষরের কথা। ভ্রমর শব্দটা ব্যবহার করিলে ছন্দের কোনো অনিষ্ট হইত না। ওই দুরূহ কথাটা কোথা হইতে সংগ্রহ করিয়াছিলাম, মনে নাই। সমস্ত কবিতাটার মধ্যে ওই শব্দটার উপরেই আমার আশাভরসা সবচেয়ে বেশি ছিল। দফতরখানার আমলামহলে নিশ্চয়ই ওই কথাটাতে বিশেষ ফল পাইয়া ছিলাম। কিন্তু নবগোপালবাবুকে ইহাতেও লেশমাত্র দুর্বল করিতে পারিল না। এমন-কি, তিনি হাসিয়া উঠিলেন। আমার দৃঢ় বিশ্বাস হইল, নবগোপালবাবু সমজদার লোক নহেন।

(Turn Over)

(2)

তঁাহাকে আর-কখনো কবিতা শুনাই নাই। তাহার পরে আমার বয়স অনেক হইয়াছে, কিন্তু কে সমজদার, কে নয়, তাহা পরখ করিবার প্রশালীর বিশেষ পরিবর্তন হইয়াছে বলিয়া মনে হয় না। যাই হোক, নবগোপালবাবু হাসিলেন বটে কিন্তু ‘দ্বিরেফ’ শব্দটা মধুপানমন্ত্ৰ ভ্রমরেরই মতো স্বস্থানে অবিচলিত রহিয়া গেল।

- (ক) লেখক নিজেকে ‘তিনে-এক একে তিন’ বলেছেন কেন? ৩  
(খ) আলোচ্য রচনাংশে দাদাকে ‘বিজ্ঞাপন দিবার...সহযোগী’ বলার তাৎপর্য উল্লেখ করো। ৩  
(গ) লেখকের বিচারে নবগোপালবাবু ‘সমজদার লোক নহেন’ কেন? ৪

২. সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো ২টি) ২x৫=১০

- (ক) ‘বর্ণপরিচয়’  
(খ) বর্ণ  
(গ) ধ্বনি  
(ঘ) রূপ  
(ঙ) বাক্য

৩. শঙ্খ ঘোষের ‘ছোট্ট একটা স্কুল’-এর ‘রবীন্দ্রনাথ কত পেতেন’ এবং ‘আপন খুশির পড়াশোনা’ তোমাকে কীভাবে ভাবিয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা

মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘দুঃশাসনীয়’ গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

(3)

৪. ‘একুশে আইন’ কবিতাটিতে উদ্ভট কল্পনার আড়ালে যে বিপুল সমালোচনা লুকিয়ে রয়েছে তার পরিচয় দাও। ১০

অথবা

‘উলঙ্গ রাজা’ কবিতাটির মর্মার্থ নিজের ভাষায় লেখো। ১০

৫. যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো ১০

- (ক) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম দিন  
(খ) বই পড়ার আনন্দ  
(গ) ফেসবুকের সাহিত্য  
(ঘ) বাংলা মাধ্যমের স্কুল

— X —